

তীব্র গরমেও সশরীরে চলবে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ক্লাস-পরীক্ষা

রাবি সংবাদদাতা

প্রকাশ : ২১ এপ্রিল ২০২৪, ১৫:০৫



UNIBOTS

তীব্র তাপপ্রবাহের মধ্য দেশের স্কুল-কলেজে বন্ধ ঘোষণা করেছে সরকার। অনলাইনে ক্লাস নেওয়ার ঘোষণা দিয়েছে ঢাকা ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়সহ বেশ কয়েকটি প্রতিষ্ঠান। তবে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ক্লাস-

পরীক্ষা যথারীতি স্বাভাবিক প্রক্রিয়ায় চলবে। বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর প্রশাসক অধ্যাপক প্রনব কুমার পাণ্ডে।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন



অনির্দিষ্ট সময়ের জন্য টাবির ক্লাস অনলাইনে,
পরীক্ষা সশরীরে

রোববার (২১ এপ্রিল) দুপুরে এক বিশ্ববিদ্যালয়ের এক জরুরি মিটিংয়ে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

অধ্যাপক ড. প্রণব কুমার পাণ্ডে বলেন, রাজশাহীর তাপমাত্রা এখনও কিছুটা সহনীয় পর্যায়ে আছে। সভায় সিদ্ধান্ত অনুযায়ী, বিশ্ববিদ্যালয়ের যে গ্রীষ্মকালীন ছুটি আছে তা আগামী ৩ মে থেকেই শুরু হবে। তবে ২ মে শুধু ক্লাস বন্ধ থাকবে কিন্তু যে বিভাগগুলোর পরীক্ষা আছে তা যথাসময়েই অনুষ্ঠিত হবে। তাছাড়া বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে সর্বোচ্চ চেষ্টা চালানো হবে যেন ক্যাম্পাসে বিদ্যুৎ সরবরাহ নিরবচ্ছিন্ন থাকে।



তীব্র গরমে অনলাইন ক্লাসের সিদ্ধান্ত জবির,
বন্ধ পরীক্ষা

এদিকে, তীব্র তাপপ্রবাহের কারণে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়ের অধীন সব স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটি ঘোষণা করা হয়েছে। ২৮ এপ্রিল খুলবে শিক্ষাপ্রতিষ্ঠানগুলো।